



উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প Upazila Governance and Development Project (UGDP)

Local Government Division
Ministry of Local Government, Rural Development & Cooperatives




স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০.০০৬(২).২০২৪-২৬৭

তারিখ : ২৯-০৯-২০২৪ খ্রি.

বিষয় : উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটিটর (UDF) দের নৈমিত্তিক ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে (UGDP) ২০০ (দুইশত) জন উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটিটর (UDF) বৃন্দ ৪৭৯ টি উপজেলায় কর্মরত আছেন। বিভিন্ন সময়ে তাদের পারিবারিক ও ব্যক্তিগত কারনে নৈমিত্তিক ছুটির প্রয়োজন হয়। ছুটি মঞ্জুর আবেদন ফরম থাকা সত্ত্বেও সাম্প্রতিক সময়ে দেখা যাচ্ছে যে, হোয়াটসএ্যাপ গ্রুপের মাধ্যমে ছুটি চাওয়া হয় যা আইন সঙ্গত নয়। এখন থেকে তাদের নৈমিত্তিক ছুটির প্রয়োজন হলে সংশ্লিষ্ট উপজেলার ইউএনও কর্তৃক (পদায়নপত্রে বর্ণিত শর্তানুযায়ী) সুপারিসহ সরবরাহকৃত নির্ধারিত ফরমে ছুটি মঞ্জুরের জন্য আবেদন দাখিল করতে হবে (ইমেইলে আবেদন করা যাবে)। আবেদিত ছুটি মঞ্জুর/ অনুমোদন করা হলেই তিনি ছুটি ভোগ করতে পারবেন। অন্যথায় ছুটি মঞ্জুর/ অনুমোদিত বলে গন্য হবে না। এখানে উল্লেখ্য যে, প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পিএমইউ) কর্তৃক ছুটি মঞ্জুর/ অনুমোদিত হওয়ার সাথে সাথে তা আবেদনকারীকে জানানো হবে।

এমতাবস্থায়, বর্ণিত নির্দেশানুযায়ী নৈমিত্তিক ছুটি মঞ্জুরের আবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোঃ আমিনুল ইসলাম
উপসচিব

ও
উপ-প্রকল্প পরিচালক
ফোন : ০২-৫৫১৩০৭৫২৫

MU
২৯/০৯/২৪

উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটিটর (UDF)..... (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। অতিরিক্ত সচিব ও প্রকল্প পরিচালক, (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, (সকল)।
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার,----- (সকল)।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল)।
- ৫। জাইকা প্রতিনিধি।
- ৬। অফিস কপি।